

যুগান্তর

তারিখ
১০ ৬

বেসরকারি শিক্ষকদের অবসরভাতা প্রদান যুগান্তকারী পদক্ষেপ

শিক্ষামন্ত্রী

নান্দাইল প্রতিনিধি

শিক্ষামন্ত্রী ড. মোহাম্মদ ওসমান ফারুক বলেছেন, বর্তমান সরকার বেসরকারি শিক্ষকদের অবসরভাতা প্রদানের উদ্যোগ নিয়ে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল ময়মনসিংহের নান্দাইল উপজেলার চণ্ডীপাশা সরকারি উচ্চ বিদ্যালয় চত্বরে শিক্ষা সম্মেলন উদ্বোধনকালে তিনি আরও বলেন, নান্দাইলসহ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের সমস্যা পর্যায়ক্রমে সমাধান করা হবে। স্থানীয় সংসদ সদস্য খুবরম খান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে সংসদ সদস্য দেলোয়ার হোসেন খান দুলু, সাবেক সংসদ সদস্য আনোয়ারুল হোসেন খান চৌধুরী, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ প্রমুখ বক্তব্য রাখেন।